

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭১.১৮.০৫৪.১৭.৬০৫

তারিখঃ ১৫ ভাদ্র ১৪২৪  
৩০ আগস্ট ২০১৭

**বিষয়ঃ প্রধানমন্ত্রীর কার্যালয় হতে জারিকৃত পরিপত্রের নির্দেশনা যথাযথ অনুসরণ।**

সূত্র: (ক) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিপত্র নং ০৩.০৮২.০৪৮.০১.০১.০১২.২০১৬(অংশ-৪)-৩৫১, তারিখ: ২৭ জুন ২০১৬;  
(খ) মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর ডিও পত্র, স্মারক ৭৭/২০১৭, তারিখ: ০৩ জুলাই ২০১৭।


উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৪৯ এর উপ-ধারা (১৫) এর উদ্দেশ্য পূরণকল্পে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে জারিকৃত গত ২৭ জুন ২০১৬ তারিখের পরিপত্র নং ০৩.০৮২.০৪৮.০১.০১.০১২.২০১৬ (অংশ-৪)-৩৫১ (কপি সংযুক্ত) মূলে সরকারের নিম্নরূপ সিদ্ধান্ত রয়েছে:

সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রের অন্তর্ভুক্ত সেবা প্রদানকারী সংস্থা ও সংশ্লিষ্ট অন্যান্য সরকারি দপ্তরের প্রধানগণ সিটি কর্পোরেশনের আমন্ত্রণে সভায় যোগদান করতঃ সভায় গৃহীত সংশ্লিষ্ট সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন এবং বাস্তবায়ন অগ্রগতি সিটি কর্পোরেশনকে অবহিত করবেন।

২। কিন্তু, উক্ত পরিপত্রের নির্দেশনা সম্পূর্ণ প্রতিপালন হচ্ছে না মর্মে সূত্রস্থ 'খ' স্মারকে জানানো হয়। ফলে সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রে নাগরিক সেবা প্রদানকারী সংস্থাসমূহের মধ্যে সমন্বয় নিশ্চিত করা সম্ভব হচ্ছে না।

৩। এমতাবস্থায়, উল্লিখিত আইন ও পরিপত্রের নির্দেশনা যথাযথ অনুসরণের লক্ষ্যে তাঁর নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/ দপ্তর/ সংস্থাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: আইনের সংশ্লিষ্ট ধারা এবং পরিপত্রের ছায়ািলিপি।

  
(মোঃ শহীদুল ইসলাম)

উপসচিব

ফোনঃ ৯৫১১৬০৩

ই-মেইল: [dsc2.lgd.gov@gmail.com](mailto:dsc2.lgd.gov@gmail.com)

বিতরণ (কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন)]
২. সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব, রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. অতিরিক্ত সচিব (পানি সরবরাহ/ উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ [এলজিইডি, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং ওয়াসা কর্তৃপক্ষসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ]

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ রংপুর সিটি কর্পোরেশন।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৪. মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন/ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন/ রাজশাহী সিটি কর্পোরেশন/ খুলনা সিটি কর্পোরেশন/ বরিশাল সিটি কর্পোরেশন/ সিলেট সিটি কর্পোরেশন/ কুমিল্লা সিটি কর্পোরেশন/ গাজীপুর সিটি কর্পোরেশন।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, ..... সিটি কর্পোরেশন (সকল)।
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল]।